# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

## Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫।

### বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শুদ্ধাচার কমিটির ১০ম সভার সংশোধিত কার্যবিবরণী

০৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ, ২২ আগস্ট ২০২২ খৃস্টাব্দ।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর শুদ্ধাচার কমিটির ১০ম সভা ২২.০৮.২০২২ তারিখ, সোমবার, সকাল ১০.০০ টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর মোস্তফা আজাদ কামাল এবং সভাপতি, শুদ্ধাচার কমিটি-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। ডা. সরকার মোঃ নোমান,ডিন, এসএসটি, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
২। প্রফেসর ড. সাদিয়া আফরোজ সুলতানা, অধ্যাপক (পদার্থ বিদ্যা), ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
৪। ড. এ.এইচ. এম আনিসুর রহমান আখন্দ,পরিচালক, এসএসএস বিভাগ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
৫। এমএস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল), বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
৬। এমএস মেহেরীন মুনজারীন রত্না, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
৭। ড. মোঃ জাকিরুল ইসলাম, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

সভার শুরুতে শুদ্ধাচার কমিটির সভাপতি প্রফেসর মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুসারে সভার কাজ শুরু করার জন্য সভার সদস্য-সচিব নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল)-কে নির্দেশ প্রদান করেন। সভাপতি মহোদয়ের নির্দেশনামতে, উক্ত কমিটির সদস্য-সচিব সভার অলোচ্যসূচী অনুসারে সভার কার্যক্রম শুরু করেন।

**সভার আলোচনা এবং সিদ্ধান্ত :**

| ক্রম | আলোচনার বিষয় | আলোচনা | ভবিষ্যৎ পরিকল্পনা/ সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অবগতকরণ | বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও বাউবির মধ্যে স্বাক্ষরিত ২০২২-২০২৩ সালের এপিএর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করেন। |
| ২. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তী করণীয় বিষয়ে বিস্তারিত | আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(১) ইউজিসির নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণসমূহ IQAC সম্পাদন করবে তবে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য |

| ক্রম | আলোচনার বিষয় | আলোচনা | ভবিষ্যৎ পরিকল্পনা/ সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তী করণীয় নির্ধারণের বিষয়ে আলোচনা | আলোচনা হয় | এতদসংক্রান্ত কোন কোন ক্ষেত্রে প্রশিক্ষণ প্রয়োজন অর্থাৎ প্রশিক্ষণের ক্ষেত্রসমুহ IQAC কে প্রদান করা হবে।<br>(২) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার নিমিত্তে প্রশিক্ষণের বিভিন্ন ক্ষেত্রগুলো নির্বাচন. অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজনের বিষয়াদি নির্বাচন, কর্মপরিবেশ উন্নয়নের ক্ষেত্রসমুহ চিহ্নিত করার জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠনের সুপারিশ করা হয়:<br>• প্রফেসর ড. সাদিয়া আফরোজ সুলতানা, অধ্যাপক (পদার্থ বিদ্যা), ওপেন স্কুল, বাউবি- আহবায়ক<br>• ড. মোঃ জাকিরুল ইসলাম, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল, বাউবি- সদস্য<br>• এমএস মেহেরীন মুনজারীন রত্না, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল, বাউবি- সদস্য<br>(৩) এছাড়া শুদ্ধাচার সংক্রান্ত ভিডিও ক্লিপ তৈরি, টি ওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করার বিষয়ে পরামর্শ প্রদান করার জন্য বিষয় নির্বাচন করার জন্য নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়<br>• ডা. সরকার মোঃ নোমান, ডিন, এসএসটি, বাউবি। আহবায়ক<br>• প্রফেসর ড. সাদিয়া আফরোজ সুলতানা, অধ্যাপক (পদার্থ বিদ্যা), ওপেন স্কুল, বাউবি- সদস্য<br>• ড. মোঃ জাকিরুল ইসলাম, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল, বাউবি- সদস্য<br>• এমএস মেহেরীন মুনজারীন রত্না, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল, বাউবি- সদস্য<br>উক্ত কমিটি দুটি তাদের মতামত এবং নির্দেশনা সংক্রান্ত রির্পোট শুদ্ধাচার কমিটির সভাপতির নিকট অতি শিঘ্রই পেশ করবেন । উক্ত রিপোর্টের প্রেক্ষিতে শুদ্ধাচার কমিটি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের পদক্ষেপসমূহ গ্রহণে সহায়ক ভূমিকা পালন করবে। |
| ৩ | বিবিধ: | শুদ্ধাচার কমিটির সদস্য- | শুদ্ধাচার কমিটির সভাপতি বিগত অর্থবছরের শুদ্ধাচার |

| ক্রম | আলোচনার বিষয় | আলোচনা | ভবিষ্যৎ পরিকল্পনা/ সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | বিগত বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের রিপোর্ট এবং প্রমাণকসহ ইউজিসিতে প্রেরণের বিষয়টি সকলকে অবহিতকরণ | সচিব/ফোকাল পয়েন্ট ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক ও ৪র্থ ত্রৈমাসিক রিপোর্ট (প্রমাণকসহ) ইউজিসিতে প্রেরণের বিষয়টি সকলকে অবগত করেন। তিনি আরও জানান বাউবির শুদ্ধাচার কর্মপরিকল্পনা (২০২১-২০২২)-বাস্তবায়নের স্ব-মূল্যায়ন স্কোর হলো ৫০ এর মধ্যে ৪৮.৫। | কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য কমিটির সকল সদস্যকে আন্তরিকভাবে ধন্যবাদ জানান এছাড়াও স্বল্প সময়ের মধ্যে দুটি গাইডলাইন প্রস্তুতসহ শুদ্ধাচার পুরস্কার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গঠিত কমিটিসমূহের সদস্যদের বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন। শুদ্ধাচার সংক্রান্ত সকল কর্মকাণ্ডের প্রমাণাদিসহ বার্ষিক ও ত্রৈমাসিক রিপোর্ট যথাসময়ে ইউজিসিতে প্রদান করাসহ শুদ্ধাচার বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটির পক্ষ হতে শুদ্ধাচার কমিটির সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্টকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের জন্য সকলকে সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ জানান। |

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**নাজনীন আখতার**
যুগ্ম-পরিচালক (কাউন্সিল)
ও
সদস্য-সচিব, শুদ্ধাচার কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**অধ্যাপক মোস্তফা আজাদ কামাল**
ট্রেজারার ও ডিন, স্কুল অব বিজনেস
এবং
সভাপতি, শুদ্ধাচার কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।